

🗏 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪: ২৪

💵 আরবি মূল আয়াত:

🗚 আনুবাদসমূহ:

যেদিন তাদের জিহবাগুলো, তাদের হাতগুলো ও তাদের পাগুলো তারা যা করত, সে ব্যাপারে তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেবে। — আল-বায়ান

যেদিন তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেবে তাদের জিহবা, তাদের হাত, তাদের পা- তাদের কৃতকর্মের ব্যাপারে। — তাইসিরুল

যেদিন তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে তাদের জিহবা, তাদের হাত এবং তাদের পা তাদের কৃতকর্ম সম্বন্ধে – মুজিবুর রহমান

On a Day when their tongues, their hands and their feet will bear witness against them as to what they used to do. — Sahih International

২৪. যেদিন তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেবে তাদের জিহ্বা, তাদের হাত ও তাদের পা তাদের কৃতকর্ম সম্বন্ধে(১)—

(১) অর্থাৎ যেদিন তাদের বিরুদ্ধে স্বয়ং তাদের জিহবা ও হস্তপদাদী কথা বলবে ও তাদের অপরাধসমূহের সাক্ষয দেবে। হাদীসে এসেছে, কেয়ামতের দিন যে গোনাহগার তার গোনাহর স্বীকার করবে, আল্লাহ্ তা'আলা তাকে মাফ করে দেবেন এবং হাশরের মাঠে সবার দৃষ্টি থেকে তার গোনাহ গোপন রাখবেন। [দেখুন- বুখারীঃ ৬০৭০, মুসলিমঃ ২৭৬৮, মুসনাদে আহমাদঃ ২/৭৪] পক্ষান্তরে যে ব্যক্তি সেখানেও অস্বীকার করে বলবে যে, আমি এ কাজ করিনি; পরিদর্শক ফিরিশতারা ভুল করে এটা আমার আমলনামায় লিখে দিয়েছে, তখন তার মুখ বন্ধ করে দেয়া হবে এবং হস্তপদের সাক্ষয গ্রহণ করা হবে। তখন তারা বলবে এবং সাক্ষয় দেবে। [দেখুন- মুসলিমঃ ২৯৬৮, ২৯৬৯]

তাফসীরে জাকারিয়া

- (২৪) যেদিন তাদের বিরুদ্ধে তাদের রসনা, তাদের হাত ও পা তাদের কৃতকর্ম সম্বন্ধে সাক্ষী দেবে, [1]
 - [1] যেমন কুরআনের অন্যত্র এবং হাদীসসমূহে এ বিষয়ে আরো বিবরণ এসেছে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2815

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন